# ডাকসু নির্বাচন ঘিরে উত্তাপ: জিএস প্রার্থী ফরহাদের প্রার্থিতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আসন্ন ডাকসু নির্বাচনে ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক (জিএস) প্রার্থী এস এম ফরহাদের প্রার্থিতা বাতিল চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। এই রিটটি দায়ের করেছেন অপরাজেয় ৭১-অদম্য ২৪ প্যানেলের প্রার্থী বি এম ফাহমিদা আলম।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক (জিএস) পদপ্রার্থী এস এম ফরহাদের প্রার্থিতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। রোববার (৩১ আগস্ট) সকালে বিচারপতি এস কে তাহসিন আলী ও হাবিবুল গণির বেঞ্চে এই রিট জমা দেওয়া হয়।

রিটটি দায়ের করেন 'অপরাজেয় ৭১, অদম্য ২৪' প্যানেলের মুক্তিযুদ্ধ ও গণআন্দোলন বিষয়ক সম্পাদক বি এম ফাহমিদা আলম। তবে, এ বিষয়ে শুনানি কবে হবে তা এখনো জানা যায়নি।

উল্লেখ্য, অপরাজেয় ৭১-অদম্য ২৪ প্যানেলে তিনটি বামপন্থী ছাত্র সংগঠন অংশ নিচ্ছে—বাংলাদেশ ছাত্র ইউনিয়নের একাংশ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট এবং বাংলাদেশ ছাত্রলীগ-বিসিএল (বাংলাদেশ জাসদের ছাত্র সংগঠন)।

অন্যদিকে, এবারের ডাকসু নির্বাচনে ছাত্রশিবির থেকে ভিপি পদে সাদিক কায়েম এবং জিএস পদে এস এম ফরহাদ প্রতিদ্বন্দ্বিতা করছেন। আগামী ৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে ডাকসু নির্বাচন।